
দৈনিক খবর

তারিখ 13 JUL 199… পৃষ্ঠা … ২ … কলাম … ৩ …

78



# নকলের অভিনব পুস্তিকা 'কনফার্ম'

চাঁদপুর, ১২ই জুলাই (এ এ এম হেলাল উদ্দিন প্রেরিত)।- পরীক্ষার্থীদের আর হাতে নকল লেখে হলে যেতে হবে না। নকলের অভিনব ক্ষুদ্র পুস্তিকা 'কনফার্ম' এখন চাঁদপুরের ৮০ ভাগ পরীক্ষার্থীদের হাতে। স্থানীয় পুস্তক ব্যবসায়ীরা প্রকাশ্যে কয়েকগুণ উচ্চমূল্যে এ বই বিক্রি করছে।

শহরের দেয়ালে দেয়ালে 'কনফার্ম'-এর ছবিসহ বিজ্ঞাপন সাঁটা হয়েছে। গত ১ সপ্তাহ যাবৎ পরীক্ষার্থীরা দলে দলে এ বই কিনেছে। বিভিন্ন উপজেলা সদরসহ গ্রামাঞ্চল থেকে এসেও পরীক্ষার্থীরা এ বই কিনছে। পুস্তক ব্যবসায়ীরা এ বই কিনলে নিশ্চিত পাসের নিশ্চয়তা দিচ্ছে। ইতিপূর্বে গত এসএসসি

শেষ পৃষ্ঠায় ৬ষ্ঠ কলামে

## নকলের অভিনব

প্রথম পৃষ্ঠার পর

পরীক্ষায়ও 'টেকনিক' নামক নকলের ক্ষুদ্র পুস্তিকা বের হয়। অধিকাংশ প্রশ্নই 'কমন' 'পড়ায় এইচএসসি পরীক্ষার্থীরা স্বল্প পরিশ্রমে পাস করার জন্য 'কনফার্ম' কিনছে।

সাড়ে ৩ ইঞ্চি প্রস্থ ও ৫ ইঞ্চি দৈর্ঘ্যের এ 'কনফার্ম' পুস্তিকার পরিবেশকের নাম রয়েছে 'কনফার্ম' গাইড হাউস, বাংলা বাজার, ঢাকা। সম্পাদনায় রয়েছে 'থ্রী প্রফেসার্স'। কোন ছাপাখানার নাম নেই। শেষ প্রচ্ছদে লেখা রয়েছে, এইচএসসি-এর জন্য কনফার্ম সিরিজের অন্যান্য বই পড়ুন। তালিকায় রয়েছে বাংলা ১ম ও ২য় পত্র, ইংরেজী ১ম ও ২য় পত্র, অর্থনীতি ১ম ও ২য় পত্র, পৌর বিজ্ঞান ১ম ও ২য় পত্র, ইসলামের ইতিহাস ১ম ও ২য় পত্র, কারবার পদ্ধতি, ব্যাংকিং এবং বাণিজ্যিক ভূগোল।

'বইটির বৈশিষ্ট্য' হিসেবে লেখা রয়েছে- (ক) চট্টগ্রাম কমার্স কলেজ, কুমিল্লা ভিক্টোরিয়া কলেজ, নিজামপুর কলেজ, ফেনী সরকারী কলেজসহ গুরুত্বপূর্ণ কলেজসমূহের অভিজ্ঞ শিক্ষকমন্ডলীর সাজেসন্সকৃত প্রশ্নের উত্তর দেয়া হয়েছে, (খ) প্রত্যেকটি প্রশ্নোত্তরকে উচ্চ নম্বর প্রাপ্তির উপযোগী করে প্রাঞ্জল ভাষায় পয়েন্ট ভিত্তিক সাজানো হয়েছে, (গ) অপ্রয়োজনীয় প্রশ্ন পরিত্যাগ করে ছাত্র/ছাত্রীদের বিভ্রান্তির হাত থেকে রক্ষা করা হয়েছে, (ঘ) তিনজন প্রফেসর কর্তৃক কুমিল্লা বোর্ডের বিগত দশ বছরের প্রশ্নপত্র পর্যালোচনা করে বইটি সাজানো হয়েছে।

চাঁদপুরের স্থানীয় পুস্তক ব্যবসায়ীরা জানান, পরিবেশক হিসেবে 'কনফার্ম গাইড হাউস', বাংলা বাজার, ঢাকা লেখা হলেও তা আসলে ভুয়া। এ বই ফেনী থেকে চাঁদপুরসহ দেশের সর্বত্র এজেন্ট-এর মাধ্যমে সরবরাহ করা হচ্ছে। এজন্য রয়েছে আকর্ষণীয় কমিশন। কমিশনের পরিমাণ কত? তা অবশ্য ব্যবসায়ীরা স্বীকার করেনি।